



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় অফিস, বেগমগঞ্জ, নোয়াখালী।
coop.begumganj.noakhali.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়
উন্নয়ন”

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৫০৭.০০০.০৫.০০১.২১.১৫৬

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯
০৪ আগস্ট ২০২২

বিষয়: উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী'র এপিএ টিম পুনঃ গঠন প্রসঙ্গে।

সূত্র: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর ৩ নং অনুচ্ছেদের আলোকে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী এর খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা, প্রতি মাসে ১ বার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা, প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত, প্রমাণক সংরক্ষণ, বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ, পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ, এপিএ স্বাক্ষর অনুষ্ঠানের অংশগ্রহণ করা, এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদনের জন্য এবং এ উপজেলার এপিএ টিমের কতিপয় সদস্যের বদলী/পদোন্নতি জনিত কারণে এপিএ টিম পুনরায় গঠন করা হলো। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও এপিএ টিমে অন্তর্ভুক্ত করার নির্দেশনা থাকায় তাদেরও অন্তর্ভুক্ত করা হলো। টিম লিডার সভায় সভাপতিত্ব করবেন। এপিএ ফোকাল পয়েন্ট এপিএ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক কাজ সম্পাদন করবেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের বিষয়ে সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি উপজেলার ওয়েব পোর্টালে হালনাগাদ থাকার বিষয়টি নিশ্চিত করবেন।

পুনঃ গঠিত এপিএ টিম

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	টিমে পদবী
০১	জনাব স্মৃতি প্রভা নন্দী	উপজেলা সমবায় অফিসার	টিম লিডার
০২	জনাব সুজন চন্দ্র মজুমদার	সহকারী পরিদর্শক	সদস্য
০৩	জনাব সুদেব কুমার রায়	সহকারী পরিদর্শক	ফোকাল পয়েন্ট

৪-৮-২০২২

স্মৃতি প্রভা নন্দী

উপজেলা সমবায় অফিসার

ফোন: ০২৩৩-৪৪৯৩৫৫২

ইমেইল:

ucobegumgonj@yhao.com

বিতরণ :

- সুদেব কুমার রায়, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বেগমগঞ্জ, নোয়াখালী
- সুজন চন্দ্র মজুমদার, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিস, বেগমগঞ্জ, নোয়াখালী

স্মারক নম্বর: ৪৭.৬১.৭৫০৭.০০০.০৫.০০১.২১.১৫৬/১

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯
০৪ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- জেলা সমবায় কর্মকর্তা, নোয়াখালী।

৪-৮-২০২২

স্মৃতি প্রভা নন্দী